বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

বৈশাখ ২৮, ১৪৩০

এফই সার্কুলার নম্বর ০৯

তারিখ :-------------------

মে ১১, ২০২৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**আলু রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নম্বর ৪০, তারিখ অক্টোবর ২০, ২০১৯-এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

২। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী আলু রপ্তানি খাতে নগদ সহায়তা প্রদান অব্যাহত রাখার স্বার্থে বাংলাদেশ পটেটো এক্সপোর্টার্স এসোসিয়েশন-এর প্রত্যয়নপত্র দাখিল সংক্রান্ত রিট পিটিশন নম্বর ৩১৫৬/২০২০ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এফই সার্কুলার নম্বর ৪০, তারিখ অক্টোবর ২০, ২০১৯-এর সংযোজনী-ক অনুসারে রপ্তানি উন্নয়ন ব্যুরো'র প্রত্যয়ন সনদপত্র দাখিলের শর্ত বহাল থাকবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩